

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.১৪.০০০০.০৭৬.৯৯.০০৩.২৪-২৫

তারিখ ১০ ফাল্গুন ১৪৩২  
২৩ ফেব্রুয়ারি ২০২৬

প্রজ্ঞাপন

সরকারের নির্বাচনী অঙ্গীকার 'দেশব্যাপী নদী-নালা-খাল, জলাধার খনন ও পুনঃখনন' কর্মসূচি গ্রহণের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি সেল গঠন করা হলো:

(ক) সেলের গঠন

১।	মাননীয় উপদেষ্টা মির্জা আব্বাস উদ্দিন আহমেদ	সভাপতি
২।	সচিব, ভূমি মন্ত্রণালয়	সদস্য
৩।	সচিব, কৃষি মন্ত্রণালয়	সদস্য
৪।	সচিব, স্থানীয় সরকার বিভাগ	সদস্য
৫।	সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সদস্য
৬।	প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	সদস্য
৭।	মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	সদস্য
৮।	সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য সচিব

(খ) সেলের কর্মপরিধি:

- ১। নদী-নালা-খাল, জলাধার খননের বৎসরভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন;
  - ২। সরকারের বিভিন্ন সংস্থার আওতায় চলমান/বাস্তবায়নযোগ্য নদী-নালা-খাল খনন প্রকল্প/প্রোগ্রামের মধ্যে সমন্বয় সাধন;
  - ৩। নদী-নালা-খাল, জলাধার খনন কর্মসূচির পরিবীক্ষণ ও উদ্ভূত সমস্যা সমাধানে দিকনির্দেশনা প্রদান;
  - ৪। নদী-নালা-খাল খনন কর্মসূচিকে জনসম্পৃক্ত করার লক্ষ্যে প্রচারের ব্যবস্থা গ্রহণ;
  - ৫। খাল খনন কর্মসূচিকে সামাজিক আন্দোলন হিসেবে গড়ে তোলার কার্যক্রম গ্রহণ।
- (গ) পানি সম্পদ মন্ত্রণালয় সেলকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- (ঘ) সেল প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৩/০২/২০২৬  
মোহাম্মদ নাসির উদ্দিন সরোয়ার  
পরিচালক-৯  
ফোন: ০২-৫৫০২৯৪২৯  
ই-মেইল-dir9@pmo.gov.bd

বিতরণ: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মির্জা আব্বাস উদ্দিন আহমেদ, মাননীয় উপদেষ্টা, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সচিব, ভূমি মন্ত্রণালয়/ কৃষি মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ/ পানি সম্পদ মন্ত্রণালয়/ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, গ্রীন রোড, ঢাকা
৫. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির ৩০ কপি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)।

অনুলিপি:

১. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব-এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।